পাবনায় মঙ্গল শোভাযাত্রা ও বৈশাখী কনসার্ট অনুষ্ঠিত

শহর প্রতিনিধি : নানা আয়োজনে
পাবনায় চলছে বর্ষবরণ ১৪২৩ এর
অনুষ্ঠানমালা। সকাল সাড়ে ৮টায়
পাবনার বীরমুক্তিযোদ্ধা
রফিকুল ইসলাম বকুল মুক্তমঞ্চ
থেকে নববর্ষের বর্ণাঢ্য
শোভাযাত্রা বের করা হয়।

জেলা প্রশাসন, পাবনা’র আয়োজনে “শুভ নববর্ষ ১৪২৩” উদ্যাপন উপলক্ষে “মঙ্গল শোভাযাত্রা”র নেতৃত্ব দেন পাবনা জেলা প্রশাসক জনাব রেখা রানী বালো।

পরে সকাল পৌনে ৯টায় এডওয়ার্ড কলেজ মাঠে অনুষ্ঠিত হয় ওপেন কনসার্ট। জনপ্রিয় চ্যানেল এনটিভি অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করে।

‘হৃদয় নাচে বৈশাখী সাজে’ এই প্রতিপাদ্যে এবারের কনসার্টে সংগীত পরিবেশন করেন এ সময়ের জনপ্রিয় ব্যান্ডদল জলের গান, কণ্ঠশিল্পী আখি আলমগীর, কনা ও ক্লোজআপ তারকা রিংকুসহ ক্লোজআপের অন্যান্য শিল্পীরা ।